

আনন্দবাজার পত্রিকা অনলাইন

১৮ এপ্রিল ২০২৩



প্রথম পাতা কলকাতা বছরের বেস্ট পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিয়ো

আরও

Anandabazar / Entertainment / Children's Little Theatre to perform at Aban Mahal on its 72nd foundation day dgtl

Children's Little Theatre

অব্যাহত আনন্দ ভাগ করে নেওয়ার ধারা, প্রতিষ্ঠা দিবসে অনুষ্ঠানে চিলড্রেন্স লিটল থিয়েটার

১৯৫১ সালে শুরু পথচলা। তার পর থেকে নাচ, গান, নাটকের মাধ্যমে শিশুদের অনাবিল আনন্দ দিয়ে চলেছে 'চিলড্রেন্স লিটল থিয়েটার'।



প্রতিষ্ঠা দিবসে চিলড্রেন্স লিটল থিয়েটারের আয়োজন। ছবি: সংগৃহীত।

নিজস্ব সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ১৮ এপ্রিল ২০২৩ ১৭:৫০

Share: Save:

১৯৫১ সালে শুরু পথচলা। তার পর কেটে গিয়েছে অর্ধশতাব্দীরও বেশি সময়। ১৯৫১-য় স্কাউট মাস্টার ও পেশায় সেন্ট্রাল টেলিগ্রাফের চিফ সুপারইনটেনডেন্ট স্থাপন করেছিলেন যে প্রতিষ্ঠান, এখনও অব্যাহত তার পথচলা। সেন্ট্রাল টেলিগ্রাফের চিফ সুপারইনটেনডেন্ট শ্রী সমর চট্টোপাধ্যায় প্রতিষ্ঠা করেন 'রিদম অ্যান্ড রাইমস'। শিশুদের আনন্দ দেওয়ার উদ্দেশ্যে তৈরি হয় তাদের নাচগানের এই অনুষ্ঠান। পরবর্তী কালে ওই প্রতিষ্ঠানই পরিচিত হয় 'চিলড্রেন্স লিটল থিয়েটার' ওরফে 'শিশু রংমহল' নামে। একাধিক নামজাদা মানুষের সংস্পর্শে

Advertisement

**WATER CHANGES
EVERYTHING.**

learn how at charitywater.org

সিএলটি হয়ে ওঠে ভারতের সর্বপ্রথম শিশুদের থিয়েটার। শুধু ভারতেই নয়, দেশের গণ্ডি ছাড়িয়ে বিদেশেও ছড়িয়ে পড়ে সিএলটির নাম। ইউরোপের বিভিন্ন দেশেও দর্শকের মন জয় করে চিলড্রেন্স লিটল থিয়েটার।

Advertisement



চিলড্রেন্স লিটল থিয়েটার যেমন ঋদ্ধ হয়েছিল সমর চট্টোপাধ্যায়ের নিজস্ব লেখনীতে। ছড়া থেকে শুরু করে নাটক, নৃত্যনাট্যেও ধরা পড়েছিল শিশুদের প্রতি তাঁর দরদ। তাঁর প্রয়াণের পরেও শিশুদের অনাবিল আনন্দ দেওয়ার সেই ধারা বজায় রেখেছে চিলড্রেন্স লিটল থিয়েটার।

আরও পড়ুন:



১৩ মে কলকাতায় সলমনের শো, আর কারা থাকছেন? টিকিটের সর্বোচ্চ মূল্য কত?



আউটডোর শুট সব বাতিল! তীব্র দাবদাহে সিরিয়ালপাড়ায় একগুচ্ছ নতুন নিয়ম জারি ফেডারেশনের

সাত দশকেরও বেশি সময় ধরে ছাত্রছাত্রীদের সংস্কৃতির শিকড়ের কাছাকাছি রেখেছে চিলড্রেন্স লিটল থিয়েটার। নাচ, গান, নাটক থেকে শুরু করে নাটক, আবৃত্তি, আঁকা, এমনকি টেবিল টেনিস ও রোলার স্কেটিংয়েও পড়ুয়াদের তালিম দিয়ে চলেছে সিএলটি। চলতি বছরে ৭২তম প্রতিষ্ঠা দিবসেও অনুষ্ঠানের আয়োজন করেছে চিলড্রেন্স লিটল থিয়েটার। ৮ মে অবন মহলে অনুষ্ঠিত হতে চলেছে চিলড্রেন্স লিটল থিয়েটারের অনুষ্ঠান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকতে চলেছেন কলকাতায় অবস্থিত বাংলাদেশ ডেপুটি হাই কমিশনার আন্দালিব ইলিয়াস। প্রতি বছরের মতো এই বছরও নাচেগানে ভরে উঠবে অবন মহল প্রেক্ষাগৃহ, আশা চিলড্রেন্স লিটল থিয়েটার কর্তৃপক্ষের।

Advertisement



(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [Twitter](#) এবং [Instagram](#) পেজ)



আরও পড়ুন



বিধি বাম! এ বার প্রকাশ্যে শাহরুখ-দীপিকার ছবি, 'জওয়ান' নিয়ে চিন্তায় অনুরাগীরা



আসুন লেকে জঙ্গল বানাই! মেয়রকে ট্যাগ করে লিখলেন গরমে অতিষ্ঠ লোপামুদ্রা



একটি মাত্র সিনেমা করতে চেয়েছিলেন মেধাবী পুনম, রোমাঞ্চের লোভই কি কাল হল?

Advertisement